# নেপ গবেষণা নির্দেশিকা ২০২৩

## ১. প্রারম্ভিক

### ১.১ ভূমিকা

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)-এর অন্যতম কাজ প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে গবেষণা পরিচালনা করা। ১৯৭৮ সালে প্রতিষ্ঠার পর থেকেই নেপ প্রাথমিক শিক্ষার বিভিন্ন সমস্যা ও সম্ভাবনা নিয়ে প্রতি বছর একাধিক গবেষণা পরিচালনা করে আসছে। অক্টোবর ২০০৪ সালে নেপ সংবিধিবদ্ধ সংস্থা হিসেবে আত্মপ্রকাশ করার পরও এ ধারা অব্যাহত রয়েছে। নেপ এককভাবে এবং অন্যান্য দেশি/বিদেশি সংস্থার সঙ্গে যৌথভাবে গবেষণা কার্যক্রম পরিচালনা করে থাকে। তাছাড়া প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনার পরিপ্রেক্ষিতেও নেপ বিভিন্ন গবেষণা পরিচালনা করে। এই সকল গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য "নেপ গবেষণা নির্দেশিকা ২০২৩" প্রণয়ন করা হয়েছে।

### ১.২ সংজ্ঞা

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকলে, এই নির্দেশিকায়-

(ক) "গবেষণা কমিটি" অর্থ নেপের গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য গঠিত কমিটি;

(খ) "এনসিটিবি" অর্থ জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড;

(গ) "একাডেমি" অর্থ জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি;

(ঘ) "গবেষক" অর্থ এই নির্দেশিকার ৩.১ এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন একাডেমির অনুষদ সদস্য;

(ঙ) "প্রধান গবেষক" অর্থ গবেষণা-দলের সদস্যগণের মধ্যে অধিক অভিজ্ঞতাসম্পন্ন নেপের গবেষক;

(চ) "প্রথিতযশা গবেষক" অর্থ শিক্ষা বিষয়ক গবেষণায় নূন্যতম ১০ বছরের অভিজ্ঞতাসম্পন্ন কোন সনামধন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষক বা একই যোগ্যতার প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট ব্যক্তি।

### ১.৩ গবেষণা নির্দেশিকার উদ্দেশ্য

ক) নেপ অনুষদ সদস্যসহ প্রাথমিক শিক্ষায় সম্পৃক্ত কর্মকর্তা ও শিক্ষকগণের পেশাদারিত্ব উন্নয়নে গবেষণা কার্যক্রমে অংশগ্রহণে উৎসাহিত করা এবং প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে গবেষণার ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণে নীতি নির্ধারণী মহলকে সহায়তা করা;

খ) প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে গবেষণা চাহিদা নিরূপণ করা এবং গবেষণা পরিচালনা করা;

গ) প্রাথমিক শিক্ষার বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা, প্রকল্প, কর্মসূচি এবং পরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত গবেষণা পরিচালনা করা;

ঘ) নেপ কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রমের গুণগতমান উন্নয়নে গবেষণা করা;

ঙ) প্রাথমিক বিদ্যালয়ের শিখন-শেখানো কার্যক্রমের মানোন্নয়নে গবেষণাভিত্তিক সহায়তা প্রদান করা;

চ) পিটিআইসমূহের কার্যক্রমের গতিশীলতা ও স্বচ্ছতা আনয়নে নতুন নতুন চাহিদা ও যুগোপযোগিতা নিরুপণ এবং প্রশিক্ষণ বাস্তবায়ন পরবর্তী প্রভাব নিরূপন পদ্ধতি ও প্রক্রিয়া উদ্ভাবন করা;

ছ) প্রাথমিক শিক্ষায় পরিচালিত বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কার্যক্রমের উপযোগিতা যাচাই ও মানোন্নয়নে সহায়তা করা;

জ) প্রাথমিক শিক্ষার উন্নয়নের লক্ষ্যে নীতি, পরিকল্পনা ও কার্যক্রম গ্রহণে গবেষণা পরিচালনা করা;

ঝ) গবেষণালব্ধ ফলাফল বিস্তরণে কর্মশালা, সেমিনার এবং কনফারেন্স আয়োজন করা;

ঞ) নেপ কর্তৃক পরিচালিত সকল প্রকার গবেষণায় জাতীয় ও আন্তর্জাতিক মান বজায় রাখা;

ট) জাতীয়/আন্তর্জাতিক/বেসরকারী সংস্থার সাথে যৌথ উদ্যোগে গবেষণা পরিচালনা;

ঠ) জাতীয়/আন্তর্জাতিক সংস্থার অনুরোধ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনায় গবেষণা পরিচালনা করা।

মোঃ শাহ আলম
অতিরিক্ত সচিব
মহাপরিচালক
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ময়মনসিংহ।

২৭/০৮/২৩
ড. বিলকিস বেগম
উপসচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## ২. গবেষণা কার্যক্রমের ব্যবস্থাপনা

### ২.১ গবেষণা কমিটির কাঠামো

নেপের গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য একটি গবেষণা কমিটি থাকবে। এই কমিটি নিম্নরূপ সদস্য নিয়ে গঠিত হবে:

| | |
|---|---|
| ১। মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) | সভাপতি |
| ২। যুগ্মসচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য |
| ৩। পরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) | সদস্য |
| ৪। সদস্য, প্রাথমিক শিক্ষাক্রম, এনসিটিবি, ঢাকা | সদস্য |
| ৫। জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)-এর ৬টি অনুষদের প্রধান (৬ জন) | সদস্য |
| ৬। উপপরিচালক (প্রশাসন), জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) | সদস্য |
| ৭। উপপরিচালক (মূল্যায়ন), জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) | সদস্য |
| ৮। উপপরিচালক (শিক্ষাক্রম ও গবেষণা), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা। | সদস্য |
| ৯। গবেষণা ও শিক্ষাক্রম উন্নয়ন অনুষদের সদস্য ২ (দুই) জন, মহাপরিচালক, নেপ কর্তৃক মনোনীত | সদস্য |
| ১০। নেপ বহির্ভূত (আইইআর, আইইডি) শিক্ষা গবেষক ২ (দুই) জন, মহাপরিচালক, (নেপ) কর্তৃক মনোনীত | সদস্য |
| ১১। অনুষদ প্রধান, গবেষণা ও শিক্ষাক্রম উন্নয়ন অনুষদ, নেপ | সদস্য সচিব |

### ২.২ গবেষণা কমিটির কার্যপরিধি

গবেষণা কমিটির কার্যপরিধি নিম্নরূপ:

ক) গবেষণা প্রস্তাবনাসমূহ (বাজেটসহ) পর্যালোচনা ও অনুমোদন করা;

খ) গবেষণা প্রতিবেদন চূড়ান্তকরণে পরামর্শ প্রদান করা;

গ) গবেষণা কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রয়োজনে বিভিন্ন উপকমিটি গঠন করা;

ঘ) গবেষণা কার্যক্রমে গবেষণা ও শিক্ষাক্রম উন্নয়ন অনুষদকে সহায়তা করা।

### ২.৩ গবেষণা ও শিক্ষাক্রম উন্নয়ন অনুষদের কার্যপরিধি

ক) গবেষকদের নিকট হতে গবেষণা প্রস্তাবনা আহ্বান এবং নির্দিষ্ট সময়ের মধ্যে সংগ্রহ করা;

খ) নির্দিষ্ট সময়ের মধ্যে গবেষণা প্রস্তাবনাসমূহ পর্যালোচনা করে প্রাথমিকভাবে নির্বাচন করা;

গ) গবেষণা প্রস্তাবনাসমূহ চূড়ান্ত অনুমোদনের জন্য গবেষণা কমিটিতে উপস্থাপন করা;

ঘ) অনুমোদিত গবেষণাসমূহের কার্যক্রম তত্ত্বাবধান ও সমন্বয় সাধন করা।

### ২.৪ গবেষণা কার্যক্রমের ধরণ

সংশ্লিষ্ট বাজেটের পরিধি অনুসারে তিন ধরণের গবেষণা কার্যক্রম পরিচালিত হবে:

ক) ক্ষুদ্র গবেষণা: অনূর্ধ্ব ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা বাজেট সম্পন্ন গবেষণা;

খ) মধ্যম গবেষণা: ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার উর্ধ্বে এবং ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা পর্যন্ত বাজেট সম্পন্ন গবেষণা;

গ) বৃহৎ গবেষণা: ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উর্ধ্বে বাজেট সম্পন্ন গবেষণা;

ঘ) নেপ বোর্ড অব গভর্ণরস এর অনুমোদন সাপেক্ষে মহাপরিচালক গবেষণা কার্যক্রমের আর্থিক পরিধি চাহিদার পরিপ্রেক্ষিতে পুনঃনির্ধারণ করতে পারবেন।

### ২.৫ গবেষণা কার্যক্রম মূল্যায়ন

গবেষণা কমিটি গবেষণা কার্যক্রম মূল্যায়নের জন্য একজন প্রথিতযশা গবেষক (নেপ বহির্ভূত) ও গবেষণায় অভিজ্ঞতা সম্পন্ন নেপের ২ (দুই) জন অনুষদ সদস্য নিয়োগ করবেন। উক্ত মূল্যায়নকারীগণ গবেষণা প্রস্তাবে বর্ণিত উদ্দেশ্য ও পরিধির আলোকে গবেষণার বিভিন্ন কার্যক্রম মূল্যায়ন করবেন। তবে মূল্যায়ন কমিটিতে সংশ্লিষ্ট গবেষণা দলের কোনো সদস্য অন্তর্ভুক্ত হবেন না।



২৭/০৮/২০
ড. বিলকিস বেগম
উপসচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ শাহ আলম
অতিরিক্ত সচিব
মহাপরিচালক
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ময়মনসিংহ।

## ২.৬ গবেষণার পরিধি

নেপ কর্তৃক পরিচালিত গবেষণার পরিধি নিম্নরূপ হবে:

(ক) প্রাথমিক শিক্ষায় পরিচালিত শিক্ষামূলক কার্যক্রম/প্রজেক্ট/প্রোগ্রাম;

(খ) প্রাক-প্রাথমিক ও প্রাথমিক স্তরের শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল, শিক্ষা উপকরণ, সহশিক্ষাক্রমিক কার্যক্রম, শিক্ষার্থী ও শিখন মূল্যায়ন;

(গ) প্রাক-প্রাথমিক ও প্রাথমিক স্তরের শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক;

(ঘ) শিক্ষায় প্রযুক্তির ব্যবহার;

(চ) শিক্ষকদের মৌলিক প্রশিক্ষণসহ বিভিন্ন প্রশিক্ষণ, পেশাগত দক্ষতা উন্নয়ন, প্রশিক্ষণ বাস্তবায়ন, প্রয়োগ, প্রভাব, মনিটরিং ও ফলাবর্তন;

(ছ) অদিবাসী, প্রতিবন্ধী শিশু, পথশিশু ও অন্যান্য সুবিধাবঞ্চিত শিশুর শিখন-শেখানো কার্যক্রম;

(জ) একীভূত শিক্ষা ও জেন্ডার সংবেদনশীলতা;

(চ) জাতীয় ও আন্তর্জাতিক প্রেক্ষাপটে আলোচিত প্রাক-প্রাথমিক এবং প্রাথমিক স্তরের শিখনঘাটতি, পরিবর্তনশীল প্রবণতা ইত্যাদি বিষয়ক মৌলিক গবেষণা।

## ২.৭ গবেষণা প্রস্তাবনা কাঠামো

একটি গবেষণা প্রস্তাবনায় প্রধানত নিম্নবর্ণিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকবে:

(ক) গবেষণা শিরোনাম;

(খ) ভূমিকা/গবেষণা সমস্যা;

(গ) গবেষণার যৌক্তিকতা;

(ঘ) গবেষণার উদ্দেশ্য;

(ঙ) গবেষণার পরিধি;

(চ) গবেষণা পদ্ধতি (বিশদ বিবরণসহ);

(ছ) তথ্য বিশ্লেষণ/উপাত্ত উপস্থাপন পরিকল্পনা;

(জ) কর্মপরিকল্পনা/সময়সীমা;

(ঝ) বাজেট বিভাজন; এবং

(ঞ) গ্রন্থপঞ্জি।

## ২.৮ গবেষণা অনুমোদন প্রক্রিয়া এবং সময়সীমা (timeline)

গবেষণার বিষয় নির্বাচন ও অনুমোদনের সময়সূচি নিম্নরূপ হবে:

ক) **প্রস্তাবনা আহ্বান:** গবেষণা ও শিক্ষাক্রম উন্নয়ন অনুষদের অনুষদ প্রধান কর্তৃক গবেষণা প্রস্তাবনা অনুষদ সদস্য/কর্মকর্তাদের নিকট থেকে আহ্বান: সময়সীমা **জুলাই মাস**;

খ) **প্রস্তাবনা উপস্থাপন ও যাচাই:** গবেষণা প্রস্তাবনা পাওয়ার পর গবেষণা ও শিক্ষাক্রম উন্নয়ন অনুষদ কর্তৃক গবেষণা নির্দেশনার ২.৬ অনুচ্ছেদের সাথে গবেষণা প্রস্তাব কতটা সামঞ্জস্যপূর্ণ তা পরীক্ষা করে প্রাথমিকভাবে নির্বাচন। সময়সীমা **আগস্ট মাস**।

গ) **প্রস্তাবনা অনুমোদন:** প্রাথমিকভাবে নির্বাচিত গবেষণা প্রস্তাবনাসমূহ গবেষণা কমিটির নিকট অনুমোদনের জন্য উপস্থাপন এবং কমিটির সুপারিশের প্রেক্ষিতে গবেষণা প্রস্তাব (সমূহ) পরিমার্জনের জন্য সংশ্লিষ্ট গবেষক/(গণ)কে পরামর্শ প্রদান: সময়সীমা **আগস্ট মাস;**

ঘ) **পত্র জারি:** গবেষণা প্রস্তাবনা/প্রস্তাবনাসমূহের অনুমোদন ও এর অনুকূলে দপ্তরাদেশ জারিকরণ: সময়সীমা **আগস্ট মাস;**

ঙ) **অর্থ ছাড়:** অনুমোদিত গবেষণা প্রস্তাবনা/ প্রস্তাবনাসমূহের অনুকূলে ১ম কিস্তির অগ্রিম অর্থ প্রদান: সময়সীমা **সেপ্টেম্বর মাস**। গবেষণা ও শিক্ষাক্রম উন্নয়ন অনুষদ অগ্রিম অর্থ প্রদানে সুপারিশ করবে।



২৭/০৮/২৩
ড. বিলকিস বেগম
উপসচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ শাহ আলম
অতিরিক্ত সচিব
মহাপরিচালক
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ময়মনসিংহ।

## ২.৯ গবেষণা কার্যক্রমের মেয়াদ

গবেষণা কার্যক্রমের মেয়াদ সাধারণভাবে অর্থ বছরের (জুলাই-জুন) মধ্যে সীমিত থাকবে। তবে মহাপরিচালক, নেপ প্রয়োজনবোধে এই সময়সীমা বৃদ্ধি করতে পারবেন।

## ২.১০ গবেষণা কার্যক্রম আরম্ভ

গবেষণা কমিটি কর্তৃক গবেষণা প্রস্তাব অনুমোদনের পর অনুষদ প্রধান (গবেষণা ও শিক্ষাক্রম উন্নয়ন) প্রতিটি অনুমোদিত গবেষণা প্রস্তাবনার অনুকূলে অফিস আদেশ জারির ব্যবস্থা করবেন এবং একই সময়ে প্রতিটি অনুমোদিত গবেষণা প্রস্তাবনার অনুকূলে প্রথম কিস্তির অগ্রিম অর্থ ছাড়করণের সুপারিশ করবেন। অফিস আদেশ জারির তারিখ থেকে গবেষণা কার্যক্রম শুরু হয়েছে মর্মে গণ্য হবে।

## ২.১১ গবেষণা অগ্রগতি পর্যালোচনা

প্রধান গবেষক ত্রৈমাসিক ভিত্তিতে গবেষণা কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত ছকে মহাপরিচালক, নেপ বরাবর পেশ করবেন।

২.১১.১ সংশ্লিষ্ট মূল্যায়নকারীগণের মতামত অনুসারে গবেষণার খসড়া প্রতিবেদন তৈরি করা হবে।

২.১১.২ খসড়া প্রতিবেদন নেপ কর্তৃক আয়োজিত গবেষণা সেমিনারে উপস্থাপন করা হবে।

২.১১.৩ সেমিনারের সুপারিশের ভিত্তিতে খসড়া প্রতিবেদন চূড়ান্ত করা হবে।

২.১১.৪ চূড়ান্ত গবেষণা প্রতিবেদনের সফট কপি এবং প্রিন্টেড কপি গবেষণা ও শিক্ষাক্রম উন্নয়ন অনুষদ প্রধানের নিকট জমা প্রদান করা হবে।

২.১১.৫ গবেষণার প্রিন্টেড কপি নেপ এর গ্রন্থাগার ও গবেষণা অনুষদের নিকট সংরক্ষিত থাকবে। এছাড়া প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের গ্রন্থাগারে সংরক্ষণের জন্য কপি পাঠানো হবে।

# ৩. গবেষণা পরিচালনার যোগ্যতা ও অন্যান্য শর্তাবলি

## ৩.১ প্রধান গবেষক এবং গবেষকের যোগ্যতা

৩.১.১ নেপের অনুষদ সদস্যগণের মধ্যে যারা উচ্চশিক্ষায় গবেষণা বিষয়ক কোর্স করেছেন বা ইতোপূর্বে থিসিস বা অন্য কোন গবেষণা কার্যক্রম সম্পাদন করেছেন তারা গবেষক হতে পারবেন। তবে গবেষণা দল প্রয়োজনে সংশ্লিষ্ট গবেষণার বিষয়ে বিশেষজ্ঞ ব্যক্তিকে গবেষণা দলে অন্তর্ভুক্ত করতে পারবেন;

৩.১.২ একাধিক গবেষকের সমন্বয়ে গবেষণা-দল তৈরি করা যাবে। গবেষণা পরিধির ভিত্তিতে একক ব্যক্তিও গবেষণা পরিচালনা করতে পারবেন;

৩.১.৩ গবেষণা-দলের সদস্যগণের মধ্যে অধিক অভিজ্ঞতাসম্পন্ন নেপের গবেষক প্রধান গবেষক হবেন;

৩.১.৪ গবেষণায় অভিজ্ঞতাসম্পন্ন একাডেমি বহির্ভূত যেকোনো প্রতিষ্ঠান বা ব্যক্তিকে বিশেষ ক্ষেত্রে গবেষণা পরিচালনায় সম্পৃক্ত করা যাবে। সেক্ষেত্রে কোন স্বীকৃত জার্নালে গবেষকের ন্যুনতম দু'টি প্রকাশনা থাকতে হবে।

৩.১.৫ একাধিক গবেষকের সমন্বয়ে গঠিত গবেষণা দলের পরিচালিত গবেষণা সম্পাদনের ক্ষেত্রে সকল গবেষক সমানভাবে দায়িত্বশীল ও জবাবদিহি থাকবেন। গবেষণা প্রস্তাব অনুমোদন হবার পর যদি প্রধান গবেষক বা অন্য কোনো গবেষক বদলি/অবসরে যান তবে তিনি গবেষণা শেষ করতে পারবেন অথবা তার স্থলে নেপের অন্য কোন গবেষককে প্রতিস্থাপন করা যাবে;

৩.১.৬ নেপের কোনো গবেষক এক অর্থবছরে নেপ কর্তৃক পরিচালিত সর্বাধিক দু'টি গবেষণায় যুক্ত হতে পারবেন;

৩.১.৭ গবেষণার পরিধি ও প্রয়োজনীয়তার নিরিখে নেপ প্রাথমিক স্তরের মাঠপর্যায়ের শিক্ষক ও কর্মকর্তাগণকে গবেষণা সহযোগী বা সহায়ক হিসেবে অন্তর্ভূক্ত করতে পারবে।

মোঃ শাহ আলম
অতিরিক্ত সচিব
মহাপরিচালক
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ময়মনসিংহ।

১৭/০৮/২৩
ড. বিলকিস বেগম
উপসচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## ৪. গবেষণা কার্যক্রমের আর্থিক ব্যবস্থাপনা

### ৪.১ তহবিলের উৎস

নিম্নলিখিত উৎসসমূহ থেকে গবেষণা তহবিল গঠিত হবে:

ক) নেপের রাজস্ব ও উন্নয়ন বাজেটের গবেষণা উপখাতে বরাদ্দকৃত অর্থ এবং

খ) দেশি ও বিদেশি সংস্থা কর্তৃক গবেষণা পরিচালনার জন্য প্রদত্ত অর্থ।

### ৪.২ প্রধান গবেষক ও গবেষকগণের সম্মানী

৪.২.১ প্রতিটি অনুমোদিত গবেষণা কার্যক্রমের অনুকূলে নেপ এর রাজস্ব বা উন্নয়ন খাত থেকে বরাদ্দকৃত বাজেটের সর্বোচ্চ শতকরা ৪০ ভাগ অর্থ প্রধান গবেষক ও গবেষকগণ সম্মানী হিসেবে গ্রহণ করতে পারবেন;

৪.২.২ প্রধান গবেষক এবং গবেষকগণ গবেষণার প্রয়োজনে করা ভ্রমণ ভাতা সংশ্লিষ্ট গবেষণার বাজেট হতে গ্রহণ করবেন। নেপ হতে আলাদাভাবে ভ্রমণ ভাতা প্রাপ্য হবেন না।

৪.২.৩ বিদেশি এবং নেপ বহির্ভূত দেশীয় অর্থায়নে পরিচালিত গবেষণার ক্ষেত্রে অর্থদাতাদের সাথে আলোচনা করে সম্মানীর পরিমাণ ও অন্যান্য বিষয় নির্ধারণ করা যাবে।

### ৪.৪ গবেষণার বাজেট বিভাজন

গবেষণার বাজেট বিভাজনে নিম্নলিখিত বিষয় অন্তর্ভুক্ত থাকবে:

#### ৪.৪.১ গবেষণা পরিচালনা বাজেট (গবেষক কর্তৃক)

ক) প্রধান গবেষক ও গবেষকের সম্মানী;

খ) গবেষণা সহায়তা ব্যয় (যাতায়াত ও দৈনিক ভাতা, গবেষণার টুলস মুদ্রণ, তথ্যসংগ্রহ, তথ্য বিশ্লেষণ এবং খসড়া ও চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত, স্টেশনারি ও প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়, জ্বালানি তেল ক্রয় ইত্যাদি);

গ) অনুমোদিত গবেষণা প্রস্তাবনার আলোকে সংশ্লিষ্ট প্রধান গবেষক গবেষণার বাজেট বিভাজন (সম্মানী ও গবেষণা সহায়তা ব্যয়ের উপখাতসমূহ) অনুষদ প্রধান (গবেষণা ও শিক্ষাক্রম উন্নয়ন অনুষদ)-এর নিকট পেশ করবেন। প্রতিটি অনুমোদিত গবেষণার বাজেট বিভাজন মহাপরিচালক, নেপ কর্তৃক অনুমোদিত হতে হবে;

#### ৪.৪.২ গবেষণা সহায়তা বাজেট (গবেষণা ও শিক্ষাক্রম উন্নয়ন অনুষদ কর্তৃক)

ঘ) খসড়া প্রতিবেদন বিবেচনার উদ্দেশ্যে আয়োজিত সেমিনারে সভাপতি, আলোচক ও র‍্যাপোর্টিয়ার বিধিমোতাবেক সম্মানী প্রাপ্য হবেন, যা নেপের গবেষণা বাজেট থেকে মেটানো হবে;

ঙ) গবেষণা কমিটির সম্মানী। নেপ কর্তৃক পরিচালিত এক বা একাধিক গবেষণা কার্যক্রমের সভায় অংশগ্রহণের জন্য গবেষণা কমিটির সদস্যগণ এক অর্থ-বছরে একবার ৩০০০/- (তিন হাজার) টাকা হারে সম্মানী পাবেন। গবেষণা কমিটির সভা এবং গবেষণা সংশ্লিষ্ট সেমিনার নেপের গবেষণা ও শিক্ষাক্রম উন্নয়ন অনুষদ কর্তৃক আয়োজন করা হবে এবং এ সংক্রান্ত ব্যয়ভার নেপের গবেষণা খাত হতে মেটানো হবে;

(চ) গবেষণার কার্যক্রম মূল্যায়নের জন্য গবেষণা মূল্যায়ন কমিটির সদস্যদের প্রত্যেকে এক অর্থ-বছরে একবার ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা হারে সম্মানী পাবেন। মূল্যায়নকারীগণের সম্মানীর অর্থ নেপের গবেষণা খাতে বরাদ্দকৃত অর্থ থেকে নির্বাহ করা হবে।

ছ) চূড়ান্ত গবেষণা প্রতিবেদন মুদ্রণ ও বিতরণ ব্যয় নেপের গবেষণা খাত থেকে নির্বাহ করা হবে।

### ৪.৫ গবেষণা কার্যক্রমে অর্থ প্রদান, হিসাব সংরক্ষণ ও সমন্বয়করণ

৪.৫.১ প্রতিটি অনুমোদিত গবেষণা কার্যক্রমের অর্থ দুই কিস্তিতে প্রদান করা হবে। গবেষণা কার্যক্রমের সময়সীমা ও কর্মপরিকল্পনার প্রেক্ষিতের প্রথম কিস্তিতে অনুমোদিত গবেষণা বাজেটের শতকরা ৫০ ভাগ অর্থ প্রধান গবেষক অনুকূলে অগ্রিম হিসেবে প্রদান



ড. বিলকিস বেগম
উপসচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ শাহ আলম
অতিরিক্ত সচিব
মহাপরিচালক
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ময়মনসিংহ।

করা হবে এবং প্রধান গবেষক ব্যয়ের বিল-ভাউচার মহাপরিচালক, নেপ বরাবর জমা দিয়ে প্রথম কিস্তিতে গৃহীত অগ্রি সমন্বয় করবেন।

৪.৫.২ খসড়া গবেষণা প্রতিবেদন কর্মশালা/সেমিনারে উপস্থাপন, কর্মশালা/সেমিনারে প্রদত্ত সুপারিশের ভিত্তিতে সংশোধন এবং গবেষণা মূল্যায়ন কমিটির ইতিবাচক মতামত প্রাপ্তি সাপেক্ষে এবং চূড়ান্ত প্রতিবেদন (হার্ড কপি এবং সফট কপি) গবেষণা ও শিক্ষাক্রম উন্নয়ন অনুষদের নিকট জমা দেয়ার পর হিসাব শাখা দ্বিতীয় কিস্তিতে বাকি শতকরা ৫০ ভাগ অর্থ প্রধান গবেষক এর অনুকূলে প্রদান করবে। প্রধান গবেষক চূড়ান্ত হিসাব, বিল, ভাউচার, রশিদ, ব্যয়-বিবরণীসহ মহাপরিচালক, নেপ বরাবর জমা দিয়ে গবেষণার হিসাব সমন্বয় করবেন।

৪.৫.৩ অর্থ বছরের জুন মাসের মধ্যে দ্বিতীয় কিস্তির অর্থ সমন্বয় করতে হবে। বিশেষ ক্ষেত্রে গবেষণা কমিটি বিকল্প ব্যবস্থা গ্রহণ ও আন্তঃখাত সমন্বয় করতে পারবেন।

## ৪.৬ গবেষণা কার্যক্রমে নিয়োজিত গবেষকদের (প্রধান গবেষক এবং গবেষক) লিখিত সম্মতি জ্ঞাপন পত্র

ক) গবেষণা কার্যক্রমে নিয়োজিত প্রধান গবেষক এবং গবেষকগণ প্রত্যেকে নেপকে এই মর্মে লিখিত সম্মতি প্রদান করবেন যে, তারা নির্দিষ্ট সময়ে সংশ্লিষ্ট গবেষণার কাজ সম্পাদনে সর্বাত্মক চেষ্টা করবেন। কোন কারণে গবেষণা অসম্পূর্ণ রেখে কোন গবেষক গবেষণা কার্যক্রম হতে অব্যাহতি নিলে গৃহীত সম্মানী (যদি গ্রহণ করে থাকেন) ফেরত প্রদান করবেন।

খ) কোনো গবেষক গবেষণা অসম্পূর্ণ রেখে গবেষণা থেকে অব্যাহতি নিলে গৃহীত সম্মানী (যদি গ্রহণ করে থাকেন) নেপ হিসাব শাখায় ফেরত না দিলে প্রচলিত আইন PDR Act, 1913 অনুযায়ী তা আদায় করা যাবে।

গ) অনুমোদিত গবেষণায় নিয়োজিত গবেষকগণের পরিবর্তন বা প্রতিস্থাপনের ক্ষেত্রে মহাপরিচালক, নেপের অনুমোদন নিতে হবে।

## ৪.৭ গবেষণা কার্যক্রমে গৃহীত অর্থের জবাবদিহিতা

গবেষণা কমিটি কর্তৃক নির্ধারিত সময়-সীমার মধ্যে কোনো গবেষণা প্রতিবেদন যথানিয়মে জমা না দিলে কিংবা প্রধান গবেষক/গবেষকগণ কর্তৃক গবেষণা পরিত্যাজ্য হলে অথবা দায়িত্ব পালনে অসমর্থ হলে উক্ত গবেষণা বাতিল বলে গণ্য করা হবে এবং গৃহীত সমুদয় অর্থ প্রধান গবেষক/গবেষকগণ নেপের হিসাব শাখায় ফেরত দিতে বাধ্য থাকবেন। যদি কোনো গবেষণার ব্যয়ভার মেটানোর পর অর্থ উদ্বৃত্ত থেকে যায়, তবে তা প্রধান গবেষক/গবেষকগণ নেপে ফেরত প্রদান করবেন ।

## ৫. গবেষণা নির্দেশিকা প্রয়োগ ও পরিবর্তন

৫.১.১ নেপ এর রাজস্ব ও উন্নয়ন বাজেট এবং দেশি, বিদেশি সংস্থা কর্তৃক গবেষণা পরিচালনার জন্য প্রদত্ত অর্থ দ্বারা পরিচালিত গবেষণা এবং পরামর্শদানমূলক গবেষণাকর্মের ক্ষেত্রে এই নির্দেশিকা প্রযোজ্য হবে। তবে ব্যক্তিগত উদ্যোগে অন্য যে কোনো উৎস থেকে প্রাপ্ত অর্থের মাধ্যমে পরিচালিত কোনো গবেষণার সাথে একাডেমির কোন কর্মকর্তা/কর্মচারীর সম্পৃক্ত হওয়া এই গবেষণা নির্দেশিকার আওতায় আসবে না।

৫.১.২ জাতীয় ও আন্তর্জাতিক দপ্তর/সংস্থার সাথে যৌথ উদ্যোগে পরিচালিত গবেষণার ক্ষেত্রে সমঝোতা স্মারকের মাধ্যমে প্রয়োজনীয় শর্তাবলী নির্ধারণ করা হবে।

৫.১.৩ সময়ের পরিবর্তন কিংবা উদ্ভূত পরিস্থিতি মোকাবেলায় যদি গবেষণা নির্দেশিকা পরিবর্তন, পরিমার্জন ও পরিবর্ধনের প্রয়োজন দেখা দেয়, তাহলে নেপের মহাপরিচালক নির্দেশিকার সংশ্লিষ্ট অংশ পরিবর্তন/পরিমার্জন করতে করবেন। তবে তা নেপ বোর্ড অব গভর্ণরর্স কর্তৃক অনুমোদন করিয়ে নিতে হবে।

মোঃ শাহ আলম
অতিরিক্ত সচিব
মহাপরিচালক
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ময়মনসিংহ।

২৭/০৪/২৩
ড. বিলকিস বেগম
উপসচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## ৬. বিবিধ

৬.১ নেপ পরিচালিত সকল গবেষণা প্রতিবেদনের স্বত্ব নেপ কর্তৃক সংরক্ষিত থাকবে। তবে গবেষক নেপের পূর্বানুমতি সাপেক্ষে তা অন্য কোথাও প্রকাশ করতে পারবেন।

৬.২ গবেষণা ফলাফলের ও সুপারিশের যথাযথ প্রয়োগ ও বাস্তবায়ন নিশ্চিতকরণে গবেষণালব্ধ ফলাফল/তথ্য/প্রতিবেদন বিভিন্ন মাধ্যমে প্রচার করা হবে । যেমন: সেমিনার ও ওয়ার্কশপ, প্রাতিষ্ঠানিক যোগাযোগ, প্রশিক্ষণ, ওয়েবসাইটে প্রকাশ ইত্যাদি।

৬.৩ গবেষণার একটি করে কপি নেপের গ্রন্থাগারে, প্রাথমিক ও গণশিক্ষা মণত্রণালয়/প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/ আইইআর, ঢাকা বিশ্ববিদ্যালয়ে সংরক্ষণ করা হবে। এছাড়াও National Archive এ সংরক্ষণ করার ব্যবস্থা করা হবে।

৬.৪ প্রধান গবেষক ও গবেষকদের গবেষণা কর্মের জন্য ভ্রমণকালকে দাপ্তরিক কাজে কর্মরত হিসেবে গণ্য করা হবে।

৬.৫ গ্রন্থপঞ্জির/রেফারেন্সিং এর ক্ষেত্রে American Psychological Association (APA) রেফারেন্সিং সিস্টেমের (সর্বশেষ ভার্সন) অনুসরণ করা হবে।

২৭/০৮/২০২৩

ড. বিলকিস বেগম
উপসচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২৭/০৮/২০২৩

মোঃ শাহ আলম
অতিরিক্ত সচিব
মহাপরিচালক
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ময়মনসিংহ।